গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৭৪

**রুটিন দায়িত্বের পাশাপাশি কিছু আইকনিক কাজ করতে হবে**
**দপ্তর প্রধানদের প্রতি বিভাগীয় কমিশনার**

রাজশাহী; ১৫ পৌষ (৩০ ডিসেম্বর):

রাজশাহী বিভাগীয় কমিশনার ড. আ.ন.ম. বজলুর রশীদ বলেছেন, সরকারি দপ্তরে আমরা অনেক কাজই করি যা আমাদের রুটিন দায়িত্ব। এ রুটিন দায়িত্বের বাইরে আমাদের কিছু আইকনিক কাজ করতে হবে। এ অঞ্চলের জন্য উপযুক্ত বিষয় নির্বাচন করে তা এমনভাবে বাস্তবায়ন করতে হবে, যেন সেটা এ বিভাগের জন্য মডেল হতে পারে।

আজ মঙ্গলবার (৩০ ডিসেম্বর) সকালে তিনি তাঁর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভায় সভাপতির বক্তব্যে এসব কথা বলেন।

বিভাগীয় কমিশনার বলেন, আমাদের নির্বাচনমুখী যাত্রা শুরু হয়ে গেছে। আমরা আমাদের নিজ নিজ দায়িত্বের অংশ হিসেবে নির্বাচনের প্রচারণা অব্যাহত রাখবো। তিনি নির্বাচন কেন্দ্রিক কাজ কর্মে সকলকে আইনের প্রতি শ্রদ্ধাশীল থাকার আহ্বান জানান।

ডিপিপি অনুসারে মডেল মসজিদের উপকরণসমূহ বুঝে নেওয়ার জন্য জেলা প্রশাসক ও ইসলামি ফাউন্ডেশনের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করে তিনি বলেন, কোনো কোনো মডেল মসজিদে অতিরিক্ত বিদ্যুৎ বিল আসছে। এদিকে লক্ষ্য রেখে এসির ব্যবহার কমাতে এবং বিকল্প আয়ের ব্যবস্থা করতে তিনি সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানান।

এক জেলার সার অন্য জেলাতে যেন না যায় এবং সার ডিলাররা তাদের ঘোষিত স্থানের বাইরে অন্য কোথাও যেন সার মজুত না করে তা মনিটরিং করতে তিনি কৃষি বিভাগের কর্মকর্তাদের অনুরোধ করেন। বিআরটিএ'র প্রতিনিধিকে উপজেলা পর্যায়ে গিয়ে ড্রাইভিং লাইসেন্স প্রদানের উদ্যোগ গ্রহণ, বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষকে ভূগর্ভস্থ পানি উত্তোলন কমিয়ে সেচ নিশ্চিত করতে এবং সড়ক মেরামতের কাজ দ্রুততম সময়ে করতে তিনি সড়ক বিভাগকে নির্দেশনা প্রদান করেন।

রাজশাহী বিভাগের বিভাগীয় দপ্তর প্রধানগণ সরাসরি এবং আট জেলার জেলা প্রশাসকগণ অনলাইনে যুক্ত থেকে সমন্বয় সভায় অংশগ্রহণ করেন। দপ্তর প্রধানগণ নিজ নিজ দপ্তরের কার্যক্রম সভায় তুলে ধরেন।

এর আগে সমন্বয় সভার শুরুতে বিভাগীয় কমিশনার বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর দুঃখ ও শোক প্রকাশ করে তাঁর বিদেহ আত্মার মাগফেরাত কামনা করেন।

...........................................................

রুহুল/তৌহিদ/আতিক/হালিম/২০২৫/১৬:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd